# নন-পলাতক আওয়ামী লীগের সভাপতি কামাল উদ্দিন গ্রেপ্তার



নন পলাতক আওয়ামী লীগ সভাপতি কামাল আটক। ছবি: সংগৃহীত

নিজেকে ‘বাংলাদেশ নন-পলাতক আওয়ামী লীগ’-এর সভাপতি পরিচয় দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনায় আসা অ্যাডভোকেট এম কামাল উদ্দিনকে আটক করেছে পুলিশ। শুক্রবার দিবাগত রাত দেড়টার দিকে চট্টগ্রামের কর্ণফুলী উপজেলার সিডিএ টেক এলাকার একটি ভাড়া বাসা থেকে তাঁকে আটক করা হয়।

শনিবার (১৪ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেন কর্ণফুলী থানার সেকেন্ড অফিসার তীথংকর দাশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার রাতে ওই বাসায় অবস্থান করছিলেন কামাল উদ্দিন। তাঁর অবস্থান জানতে পেরে স্থানীয় লোকজন বাসাটি ঘিরে ফেলেন। পরে তাঁকে আটক করে পুলিশে খবর দেন তাঁরা। পুলিশ গিয়ে তাঁকে নিজেদের হেফাজতে নেয়।

তীথংকর দাশ জানান, স্থানীয় লোকজন কামাল উদ্দিনকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করেছেন। বর্তমানে তিনি থানা হেফাজতে রয়েছেন। তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

কামাল উদ্দিন চট্টগ্রাম দক্ষিণ জেলা যুবলীগের বহিষ্কৃত আইনবিষয়ক সম্পাদক ছিলেন। তিনি চট্টগ্রাম আদালতের সাবেক অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (এপিপি)। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) প্যানেল আইনজীবী হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

গত অক্টোবর মাসে আত্মগোপনে থাকা আওয়ামী লীগ নেতাদের সমালোচনা করে ‘বাংলাদেশ নন-পলাতক আওয়ামী লীগ’ নামে একটি কমিটি গঠনের ঘোষণা দেন তিনি। নিজেকে ওই কমিটির সভাপতি দাবি করে দেওয়া তাঁর বক্তব্যের ভিডিও ফেসবুক ও টিকটকে ছড়িয়ে পড়লে আলোচনায় আসেন কামাল উদ্দিন।